

স্বাস্থ্য উপনগরী হবে দুর্গাপুরে

নিজস্ব সংবাদদাতা : দুর্গাপুর, ১৩ই এপ্রিল - বেসরকারী যৌথ উদ্যোগে পরিকল্পিত স্বাস্থ্য উপনগরী আই কিউ সিটি তৈরি হচ্ছে দুর্গাপুরে। বুধবার এই প্রকল্পের রূপরেখা মেলে ধরা হয় সাংবাদিক সম্মেলনে। এস পি এস গ্রুপ অব কোম্পানিজ ম্যানি গ্রুপ ও সিনার্জি গ্রুপ একযোগে এই প্রকল্প গড়ে তুলছে। প্রকল্পের জন্য ১০০ একর জমি দিয়েছে। দুর্গাপুর ইম্পাতনগরী সমিহিত শোভাপুরে ১০০০ কোটি টাকা বিনিয়োগ করে গড়ে তোলা হবে হেল্প সিটি ও আবাসন প্রকল্প। ৫০ একরে হবে হেল্প সিটি। বাকি ৫০ একরে পরিকাঠামো সহ আবাসন তৈরি হবে। হেল্প সিটিতে থাকবে মেডিক্যাল কলেজ ও হাসপাতাল। সূচনায় ৩০০ বেডের হাসপাতাল হবে। পরে ৭৫০ বেডের হবে। ২০১২ সালের মার্চের মধ্যে হেল্প সিটি চালু হবে।

আধুনিক সুবিধা ও পরিকাঠামোযুক্ত ২২০০টি ফ্ল্যাট তৈরি হবে। প্রথম পর্যায়ে তৈরি হবে ১২০০টি ফ্ল্যাট। ২০১৩ সালে উপনগরী নির্মাণ শেষ হবে। ১৪ কোটি টাকা ব্যয়ে একটি সংযোগকারী রাস্তাও তৈরি করবে সংস্থা। এস পি এস-এর বিপিন কুমার ভোরা, ম্যানি গ্রুপের সঞ্জয় বুনবুনওয়াল ও সিনার্জি গ্রুপের সিসিল অ্যান্টনি সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। ইতোমধ্যে হেল্প সিটি নির্মাণের কাজ শুরুও হয়েছে।